বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

বিএসইসি/এনফোর্সমেন্ট/১১৫৪/২০১৩-৬০৯

তারিখ: সেপ্টেম্বর ২৩, ২০২০

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 2(q) মোতাবেক Sylnet Securities Limited একটি নিবন্ধিত ট্রেক হোল্ডার কোম্পানি;

যেহেতু, Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) এবং (2) এর বর্ণনা নিম্নরূপ:
*"Every member shall maintain a consolidated customers' account in his name with any scheduled bank only for the deposit of the money received from and for, and payment of money to and for, the customers."*
*"All money received from and for the customers shall be deposited in the said account on the day of receipt thereof or on the following day if the deposit cannot be made on the same day because of closure of the bank concerned"*

যেহেতু, Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) (g) এর বর্ণনা নিম্নরূপ:
"(1) Every member shall prepare and maintain, as required by sub-section (1) of section 6, the following books of account and other documents in a manner that will disclose a true, accurate and up to date position of his business, namely :-
.....
(g) Duplicates or counterfoils of memos of confirmation issued to customers."

যেহেতু, Securities and Exchange Rules, 1987 এর Rule 4 (5) এর বর্ণনা নিম্নরূপ:
"A member who has executed an order of a customer shall, within a day of the execution of the order, give in writing in person or by Fax or E-mail a confirmation note or bill numbered and time stamped, along with a copy of the related Howla or Contract Note, which shows the date on which the order was executed, the name and number of securities bought or sold, the nature of the transaction, the price of the securities, brokerage and other expenses, if any, the order and the Howla or Contract Note number and date, and whether the order was executed from the member's own account or the market......."

যেহেতু, কমিশনের ডিরেক্টিভ No. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010 এর বর্ণনা নিম্নরূপ:
"It is further directed that the stock brokers shall not provide margin facilities to any member of the Board of Directors of its own company, officer and staff employed in the company management, their parent, spouse, son, daughter, sister, brother, son-in-law, daughter-in-law and other relatives as per directive issued by the Commission from time to time."



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

যেহেতু, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর বর্ণনা নিম্নরূপ:
"প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ সনদের সকল শর্তাবলী যথাযথভাবে পালন করিবেন"।

যেহেতু, ইতোপূর্বে কমিশন কর্তৃক ইস্যুকৃত BSEC/Enforcement/1154/2013/300-302 dated June 30, 2019 এর বর্ণনা অনুযায়ী কমিশনের কাছে Sylnet Securities Limited এর নিম্নোক্ত সিকিউরিটিজ আইনের লঙ্ঘন পরিলক্ষিত হয়:

১। Sylnet Securities Limited এর June 30, 2013, October 29, 2015 এবং November 30, 2016 তারিখ মোতাবেক Consolidated Customers' Account এ যথাক্রমে ৮৫,৭৬,০০০/-, ৬৫,১৩,০৪২/- এবং ১,১৭,৬০,৭১০ টাকা ঘাটতি পরিলক্ষিত হয়;

২। Sylnet Securities Limited এর ডিলার হিসাবে ২০১২-২০১৩ অর্থিক বছরে কোন লেনদেন করা হয়নি;

৩। Sylnet Securities Limited এর কিছু হিসাবধারীর বিও হিসাবে লেনদেনে confirmation note সরবরাহ ও সংরক্ষণ করা হয়নি;

৪। Sylnet Securities Limited এর কিছু হিসাবধারীর বিও হিসাবে ঋণচুক্তি ছাড়াই মার্জিন সুবিধা প্রদান করা হয়;

৫। Sylnet Securities Limited এর পরিচালকদের বিও হিসাবে ঋণ সুবিধা প্রদান করা হয়;

৬। Sylnet Securities Limited এর কিছু গ্রাহকের হিসাবে Z-ক্যাটাগরির শেয়ার এবং নতুন নিবন্ধিত শেয়ার ক্রয়ের জন্য বিধি বহির্ভূতভাবে মার্জিন সুবিধা প্রদান করা হয়;

৭। Sylnet Securities Limited এর দৈনন্দিন হিসাব-নিকাশ যথাযথভাবে করা হয়নি এবং ৩০ জুন, ২০১৬ সালের সমাপ্ত বছরের বার্ষিক হিসাব বিবরণী নির্ধারিত সময়ে জমা দেয়া হয়নি;

যেহেতু উপর্যুক্ত কর্মকান্ডের মাধ্যমে Sylnet Securities Limited যথাক্রমে নিম্নোক্ত সিকিউরিটিজ আইন ও বিধান ভঙ্গ করে-

১। Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) এবং (2);

২। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১;

৩। Securities and Exchange Rules, 1987 এর Rule 4 (5);

৪। Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) (g);

৫। কমিশনের ডিরেক্টিভ no. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010;

৬। BSEC directive no. SEC/CMRRCD/2001-43/169 dated October 01, 2009;

৭। BSEC directive no. SEC/CMRRCD/2009-193/177 dated October 27, 2015; এবং

৮। বিধি ১৩(৪), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ব্রোকার, স্টক ডিলার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০

যেহেতু, Sylnet Securities Limited কর্তৃক উপর্যুক্ত আলোচ্য বিষয়ে ব্যর্থতার কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের জুন ৩০, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/১১৫৪/২০১৩/৩০০-৩০২ স্মারকমূলে উক্ত প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা নির্ধারিত তারিখে শুনানিতে উপস্থিত হয়ে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করেন:
" বিনীত নিবেদন এই যে, কমিশন হতে প্রাপ্ত Letter এর Ref. No. BSEC/Enforcement/1154/2013/300 dated June 30, 2019 এর উত্তর নিম্নে প্রদান করা হলঃ

১. গত ২০১০ ইং সালে RMS না থাকার কারনে বিনিয়োগকারীগন তাদের ইচ্ছে মত শেয়ার ক্রয় করতে পারত, **পরবর্তিতে মার্কেট ধসের কারনে এবং উক্ত সময় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিকিউরিটিজ হাউজের আগমন ঘটায় বিনিয়োগকারীগন মার্জিন সুবিধার আশায় আমাদের হাউজে মাইনাস Port Follio রেখে ঐ সমস্ড় হাউজে চলে যায়।** যার ফলে বিনিয়োগকারীগন হাউজে আসা কমিয়ে দেন এবং বকেয়া আদায় করা খুব কষ্ট সাধ্য হয়ে যায়, আমরা চিঠি দিয়ে এবং ফোনের মাধ্যমে বারবার যোগাযোগ করার পরে কিছু বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করে পাওনা টাকা পরিশোধ করলেও অধিকাংশ বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করতে আগ্রহী না হওয়ায় এবং কমিশনের আইনি বাধ্যবাধকতা থাকায় আমরা বিনিয়োগকারীর শেয়ার বিক্রয় করতে না পারায় বছর বছর মার্কেটের নিংগতির কারনে Port Follio Value কমতে থাকে এবং বিনিয়োগকারীগন আমাদের সাথে যোগাযোগ বন্ধ করে দেয় এবং প্রতি বছরের BO Renew Fee টা পর্যন্ড় দিতে অনিহা প্রকাশ করে ফলে আমাদের **Deficit Balance** বাড়তে থাকে। উপরোক্ত কারনে BSEC এর Rules 8A (1) & (2) 1987 Violation হয়ে যায়। উক্ত Violation এর জন্য **CSE** আমাদেরকে গত **১৮.০৩.২০১৯** ইং তারিখে একটি চিঠি মারফত সতর্ক করেন এবং আমাদের নিকট হতে **CCBA** এর ঘাটতি পূরনের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা **(Road Map)** আকারে নেন। উক্ত **Road Map** অনুসারে প্রতি মাসে আমরা **Deficit Balance** সমন্বয় করে আসছি।

২. গত ২০১২-২০১৩ ইং সালে আমাদের **Dealer Account** এ **Transactions** করতে ভূলে যাই যার কারনে বিধি ১১ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন (স্টক ব্রোকার, স্টক ডিলার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ Rules Violation হয়ে যায়। উক্ত **Violation** এর জন্য **BSEC পূর্বে আমাদেরকে জরিমানা করেছিল। Ref: BSEC Letter No. SEC/Enforcement/1154/2013/507 date 19 August 2013.**

অতএব, সবিনয় বিনীত নিবেদন এই যে, উপরে উলেণ্ডখিত বিষয় গুলোর বিচার বিশেণ্ডষণ সাপেক্ষে আমাদেরকে মার্জনা করতে যেন আপনার মর্জি হয়।"

" বিনীত নিবেদন এই যে, কমিশন হতে প্রাপ্ত Letter এর Ref. No. BSEC/Enforcement/1154/2013/301 dated June 30,2019 এর উত্তর নিম্নে প্রদান করা হলঃ

১. গত ২০১০ ইং সালে RMS না থাকার কারনে বিনিয়োগকারীগন তাদের ইচ্ছে মত শেয়ার ক্রয় করতে পারত, পরবর্তিতে মার্কেট ধসের কারনে এবং উক্ত সময় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিকিউরিটিজ হাউজের আগমন ঘটায় বিনিয়োগকারীগন মার্জিন সুবিধার আশায় আমাদের হাউজে মাইনাস Port Follio রেখে ঐ সমস্ড় হাউজে চলে যায়। যার ফলে বিনিয়োগকারীগন হাউজে আসা কমিয়ে দেন এবং বকেয়া আদায় করা খুব কষ্ট সাধ্য হয়ে যায়, আমরা চিঠি দিয়ে এবং ফোনের মাধ্যমে বারবার যোগাযোগ করার পরে কিছু বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করে পাওনা টাকা পরিশোধ করলেও অধিকাংশ বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করতে আগ্রহী না হওয়ায় এবং কমিশনের আইনি বাধ্যবাধকতা থাকায় আমরা বিনিয়োগকারীর শেয়ার বিক্রয় করতে না পারায় বছর বছর মার্কেটের নিংগতির কারনে Port Follio Value কমতে থাকে এবং বিনিয়োগকারীগন আমাদের সাথে যোগাযোগ বন্ধ করে দেয় এবং প্রতি বছরের BO Renew Fee টা পর্যন্ড় দিতে অনিহা প্রকাশ করে ফলে আমাদের **Deficit Balance** বাড়তে থাকে। উপরোক্ত কারনে BSEC এর Rules 8A (1) & (2) 1987 Violation হয়ে যায়। উক্ত Violation এর জন্য **CSE** আমাদেরকে গত **১৮.০৩.২০১৯** ইং তারিখে একটি চিঠি মারফত সতর্ক করেন এবং আমাদের নিকট হতে **CCBA** এর ঘাটতি পূরনের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা **(Road Map)** আকারে নেন। উক্ত **Road Map** অনুসারে প্রতি মাসে আমরা **Deficit Balance** সমন্বয় করে আসছি।

২. মার্কেট মন্দা থাকার কারনে বিনিয়োগকারীগন অফিসে আসা বন্ধ করে দেয় এবং ফোনের মাধ্যমে **Trade** করার কারনে **Confirmation Note** দেয়া হত না, ফলশ্রুতিতে আমরা BSEC এর Rules 4(5) 1987 Violation এ পড়ে যাই। **CSE** এর **Audit** পরবর্তি সময় হতে যে সকল বিনিয়োগকারী অফিসে আসেন তাদের **Confirmation Note** দেওয়া হচ্ছে।

৩. মার্কেট মন্দা থাকায় আমাদের দৈনিক লেনদেন ও কমে আসে ফলে কোম্পানি লোকসানে পড়ে যায় সেজন্য কিছু খরচ কমানোর জন্য আমরা অফিস কপি হিসাবে **Confirmation Note** সংরক্ষন না করার কারনে BSEC এর Rules 8A(1) (G) 1987 Violation এ পড়ে যাই।

৪. গত ২০১০ ইং সালে মার্কেট ধসের কারনে কিছু **Director Account** এ **Credit facilities** হয়ে যায়। যার ফলে আমরা BSEC এর Rules Violation এ পড়ে যাই। উক্ত Violation এর জন্য ২০১৩ সালে BSEC আমাদেরকে জরিমানা করেছিলেন। Ref: BSEC Letter No. SEC/Enforcement/1154/2013/507 date 19 August 2013. পরবর্তিতে আপনাদের Rules মোতাবেক ২০১৫ সালে আমরা ঐ সকল **Director Account** বকেয়া সমন্বয় করি। যা সংযুক্তি আকারে দেওয়া হল।

অতএব, সবিনয় বিনীত নিবেদন এই যে, উপরে উলেণ্ডখিত বিষয় গুলোর বিচার বিশেণ্ডষণ সাপেক্ষে আমাদেরকে মার্জনা করতে যেন আপনার মর্জি হয়।"

" বিনীত নিবেদন এই যে, কমিশন হতে প্রাপ্ত Letter এর Ref. No. BSEC/Enforcement/1154/2013/302 dated June 30,2019 এর উত্তর নিম্নে প্রদান করা হলঃ

১. গত ২০১০ ইং সালে RMS না থাকার কারনে বিনিয়োগকারীগন তাদের ইচ্ছে মত শেয়ার ক্রয় করতে পারত, পরবর্তিতে মার্কেট ধসের কারনে এবং উক্ত সময় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সিকিউরিটিজ হাউজের আগমন ঘটায় বিনিয়োগকারীগন মার্জিন সুবিধার আশায় আমাদের হাউজে মাইনাস Port Follio রেখে ঐ সমস্ড় হাউজে চলে যায়। যার ফলে বিনিয়োগকারীগন হাউজে আসা কমিয়ে দেন এবং বকেয়া আদায় করা খুব কষ্ট সাধ্য হয়ে যায়, আমরা চিঠি দিয়ে এবং ফোনের মাধ্যমে বারবার যোগাযোগ করার পরে কিছু বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করে পাওনা টাকা পরিশোধ করলেও অধিকাংশ বিনিয়োগকারী লোকসানে শেয়ার বিক্রয় করতে আগ্রহী না হওয়ায় এবং কমিশনের আইনি বাধ্যবাধকতা থাকায় আমরা বিনিয়োগকারীর শেয়ার বিক্রয় করতে না পারায় বছর বছর মার্কেটের নিম্নগতির কারনে Port Follio Value কমতে থাকে এবং বিনিয়োগকারীগন আমাদের সাথে যোগাযোগ বন্ধ করে দেয় এবং প্রতি বছরের BO Renew Fee টা পর্যন্ড় দিতে অনিহা প্রকাশ করে ফলে আমাদের **Deficit Balance** বাড়তে থাকে। উপরোক্ত কারনে BSEC এর Rules 8A (1) & (2) 1987 Violation হয়ে যায়। উক্ত Violation এর জন্য **CSE** আমাদেরকে গত **১৮.০৩.২০১৯** ইং তারিখে একটি চিঠি মারফত সতর্ক করেন এবং আমাদের নিকট হতে **CCBA** এর ঘাটতি পূরনের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা **(Road Map)** আকারে নেন। উক্ত **Road Map** অনুসারে প্রতি মাসে আমরা **Deficit Balance** সমন্বয় করে আসছি। উলেণ্ডখ থাকে যে পূর্বে ভূল বশতঃ কারনে মাসিক রিপোর্ট তৈরী করার সময় **Unlinked Branch** এর **Payable** না এনেই রিপোর্ট প্রদান করা হত যাহা পরবর্তিতে **CSE** এর **Audit** কালীন সময়ে **Deficit Balance** হঠাৎ বেড়ে যায়।

২. আমাদের অথরাইজড পার্সনের অসতর্কতার জন্য কিছু বিনিয়োগকারীর একাউন্টে **Z Group** এর শেয়ারে **Margin** হয়ে যায়, ফলে আমরা SEC/CMRRCD/2001-43/169 ২০০৯ এর Rules Violation এ পড়ে যাই। উক্ত Violation এর জন্য আমরা অথরাইজড পার্সনকে চিঠির মাধ্যমে সতর্ক করি, যাহা সংযুক্তি আকারে দেয়া হল। **CSE** এর **Audit** পরবর্তি সময় হতে আমরা **Z Group** এর শেয়ারে **Margin** দেয়া বন্ধ করে দেই।

৩. আমাদের অথরাইজড পার্সনের অসতর্কতার জন্য কিছু বিনিয়োগকারীর একাউন্টে **N Group** এর শেয়ারে **Margin** হয়ে যায়, ফলে আমরা SEC/CMRRCD/2009-193/177 ২০১৫ এর Rules Violation এ পড়ে যাই। উক্ত Violation এর জন্য আমরা অথরাইজড পার্সনকে চিঠির মাধ্যমে সতর্ক করি, যাহা সংযুক্তি আকারে দেয়া হল। **CSE** এর **Audit** পরবর্তি সময় হতে আমরা **N Group** এর শেয়ারে **Margin** দেয়া বন্ধ করে দেই।

৪. কিছু ব্রাঞ্চের সাথে আমাদের লিংক না থাকার কারণে অডিট রিপোর্টে উলেণ্ডখিত একাউন্ট নম্বর (২০০৪৭,২০০৬২,২০৩৭৫,৫৯৫০,৫৭১৫,৯০৪৫,৯০৮৩,৯১০৬) এর জের এর সাথে হেড অফিসে উক্ত একাউন্টেগুলোর জের এর অমিল দেখা দেওয়ার কারণে আমরা BSEC এর Rules Violation এ পড়ে যাই, কার্যতঃ **Branch** তিনটি **Principal Office** এর সাথে লিংক না থাকার কারনে ব্রাঞ্চের একাউন্টেগুলোর জের এর সাথে হেড অফিসে উক্ত একাউন্টেগুলোর জের এর অমিল দেখা দেয়। অতএব ব্রাঞ্চের একাউন্টেগুলোর জের সঠিক কিন্তু হেড অফিসের একাউন্টেগুলোর জের সঠিক নয়। **CSE** এর **Audit** পরবর্তি সময়ে আমরা **Unlinked Branch** ব্রাঞ্চগুলোকে আমাদের **Principal Office** এর সাথে লিংক করে ফেলি। আমাদের C C B A একাউন্টেগুলোর ব্যালেন্স প্রতি মাসের এক তারিখ সংগ্রহ করে থাকি ফলে কিছু একাউন্টের ব্যালেন্স মাসের শেষের তারিখ এর পরিবর্তে এক তারিখের ব্যালেন্স হিসাবে আনার কারনে Cash in hand & at Bank এ ব্যালেন্সে ৮,৪৫,১৩৭.০০ টাকা পার্থক্য দেখায় এবং ব্রাঞ্চের payable to clients add না করার কারনে ১০৩,৩২,৩১৫.০০ টাকা পার্থক্য দেখায়। **CSE** এর **Audit** পরবর্তি সময় হতে আমরা উক্ত বিষয়টি সংশোধন করে মাসিক রিপোর্ট প্রদান করছি।

৫. আমাদের পূর্বের অডিটর **Pinaki & Co.** কে আমাদের কোম্পানীর অডিট কার্যক্রম থেকে অব্যাহতি দিয়ে নতুন অডিটর নিয়োগে কিছু সময় বিলম্ব হওয়ার কারনে, **30 Jun 2016, Financial Year** এর **Audit Report** C S E এর **Due**

Time এ আমরা পেস করতে পারি নাই। যার ফলে আমরা BSEC এর Rules বিধি ১৩ (৪) সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশন (স্টক ব্রোকার, স্টক ডিলার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ Violation এ পড়ে যাই। বর্তমানে আমাদের নতুন অডিটর **Masih Muhith & Co.**

অতএব, সবিনয় বিনীত নিবেদন এই যে, উপরে উলেণ্ঢখিত বিষয় গুলোর বিচার বিশেণ্ঢষণ সাপেক্ষে আমাদেরকে মার্জনা করতে যেন আপনার মর্জি হয়।"

যেহেতু, শুনানি পরবর্তীতেও Sylnet Securities Limited তাদের Consolidated Customers' Account এ ঘাটতি সমন্বয়ে ব্যর্থ হয়; এবং অন্যান্য অভিযোগের বিষয়েও তাদের ব্যাখ্যায় আইন ভঙ্গের বিষয়সমূহ স্বীকার করে প্রকৃতপক্ষে সংশ্লিষ্টরা আনীত অভিযোগ স্বীকার করেছে এবং অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, Sylnet Securities Limited একটি নিবন্ধিত ট্রেক হোল্ডার যাহারা উপর্যুক্ত সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত নিবন্ধিত ট্রেক হোল্ডার কোম্পানিতে বিনিয়োগকারীদের বিও হিসাব রয়েছে, কিন্তু ট্রেক হোল্ডার কর্তৃক বর্ণিত আইন ভঙ্গের কারণে বিও হিসাবধারীদের স্বার্থ ক্ষুণ্ন সহ বাজার পরিচালনার শৃঙ্খলা ভঙ্গ হয়েছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, Sylnet Securities Limited আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃঙ্খলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ট্রেক হোল্ডার কোম্পানিকে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

> Sylnet Securities Limited এর উপর ০২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশ জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা প্রদান করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

২৩.০৭.২০২০

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। Sylnet Securities Limited Al-Hamra Shopping City (3rd Floor), Zindabazar, Sylhet.



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"